

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.০১৫.০১৪.১৬.১১৯

তারিখ: ২১/০৬/২০১৭ খ্রি.

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়
৭১, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : পুনঃউপযোজন সংক্রান্ত।

সূত্র : ভূমি আপীল বোর্ড এর স্মারক নং- ০৭.১১২.০২০.৪৬.০১.০১৭.২০১৪-৩১৬, তারিখ: ২১/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি সফরে ভূমি মন্ত্রণালয়, ভূমি আপীল বোর্ড, অর্থ মন্ত্রণালয় ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৬ জন কর্মকর্তাকে গ্রীষ্ম শিক্ষা সফরের জন্য অর্থ মন্ত্রণালয় অপ্রত্যাশিত খাত থেকে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ দেয়। অর্থ বিভাগ যথাসময়ে আইবাসে উক্ত টাকা এন্ট্রি না দেয়ার কারণে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে ভ্রমণ বিল পরিশোধে অপারগতা প্রকাশ করে। ইতোমধ্যে গ্রীষ্ম সফরের জন্য টিম-১ এর অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। টিম-২ এ ভ্রমণের জন্য ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে জিও জারি করা হয়েছে। বর্তমানে উক্ত সফরের জন্য কোন বরাদ্দ না থাকায় ভূমি আপীল বোর্ড ইতোমধ্যে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা উপযোজনের মাধ্যমে ভ্রমণ খাতে সংস্থানের আয়োজন করেছে। ২ টি টিম এর সফরে প্রায় ৫২,০০,০০০/- (বায়ান্ন লক্ষ) টাকা খরচ হতে পারে। অতিরিক্ত ২২,০০,০০০/- লক্ষ টাকা ভূমি মন্ত্রণালয় থেকে বরাদ্দের জন্য ভূমি আপীল বোর্ড ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করে।

ব্যয় খাত	২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দ	পুনঃউপযোজনের মাধ্যমে নির্ধারিত বরাদ্দ	হ্রাস -বৃদ্ধি (-/+)
১	২	৩	৪
৩-৪৬০১-০০০১ সচিবালয় এর ৭৪২১- মোটর সাইকেল	৬০,০০,০০০/-	৩৮,০০,০০০/-	(-) ২২,০০,০০০/-
৩-৪৬০৯-০০০০ ভূমি আপীল বোর্ড এর ৪৮০১ ভ্রমণ ব্যয়	১৭,০০,০০০/-	৩৯,০০,০০০/-	(+) ২২,০০,০০০/-

২। এমতাবস্থায়, ভূমি আপীল বোর্ডের চাহিদার প্রেক্ষিতে ৩-৪৬০১-০০০১- সচিবালয়- এর ৭৪২১- মোটর সাইকেল উপখাত হতে ৩-৪৬০৯-০০০০- ভূমি আপীল বোর্ড- এর ৪৮০১- ভ্রমণ ব্যয় উপখাতে ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা পুনঃউপযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বা/-
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

স্মারক ন.- ৩১.০০.০০০০.০৩৮.০১৫.০১৪.১৬.১১৯/১(৪)

তারিখ: ২১/০৬/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃঃআঃ- উপসচিব, বাজেট-১৮, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত)।
- ০৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। অফিস কপি।
- ০৭। মাষ্টার কপি।


২১/০৬/২০১৭
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)
selinasultana1973@gmail.com